

মুঙ্গীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

সিপাহীপাড়া মুঙ্গীগঞ্জ

নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের জন্য কতিপয় সতর্কবাণী

বিদ্যুৎ আর্থ সামাজিক উন্নয়নের চাবিকাঠি, তথাপি সামান্য অসতর্কতা বা সাধারণ জ্ঞানের অভাবে অনেক সময় বিদ্যুৎ মানুষের জীবন নাশের কারণ হয়ে দাড়ায়। তাই বিদ্যুতের ব্যবহার সম্পর্কে সম্মানিত গ্রাহক সদস্যগণের সম্মক জ্ঞান থাকা বাঞ্ছনীয়। নিম্নে বিদ্যুতের নিরাপদ ব্যবহার সম্পর্কিত কিছু সতর্কবাণী উদ্ধৃত হলো;

০১। আপনার আগিনায় কোন একটি যন্ত্র বা ওয়্যারিং এ বৈদ্যুতিক শর্ট সার্কিট হলে ত্রুটিপূর্ণ অংশের মধ্য দিয়ে অতিরিক্ত কারেন্ট প্রবাহ হয়। গ্রাউন্ডিং সঠিক না থাকলে এই কারেন্ট ত্রুটিমুক্ত অংশের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে সম্পূর্ণ সিস্টেমকে ধ্বংস করে দিতে পারে এবং এর ফলে সম্পদ ও প্রানহানীর আশঙ্কা দেখা দিতে পারে। কিন্তু গ্রাউন্ডিং সঠিক থাকলে কারেন্ট শুধুমাত্র ত্রুটিপূর্ণ অংশের মধ্য দিয়েই প্রবাহিত হয়ে মাটিতে চলে যায়।

০২। স্বাভাবিক অবস্থাতেও অনেক সময় দেখা যায় ভোল্টেজ উঠা-নামা করে যা মটর ফ্যান, টিভি, ইলেকট্রনিক্স যন্ত্রাদি ইত্যাদিকে নষ্ট করে বা আয়ুষ্কাল কমিয়ে দিতে পারে। গ্রাউন্ডিং বা আর্থিং সঠিকভাবে স্থাপন করা হলে ভোল্টেজ সঠিক মানে থাকে। ফলে এইসব যন্ত্রপাতির ক্ষতি হয়না এবং কাঙ্ক্ষিতকাল ব্যাপী সেগুলো সঠিকভাবে সার্ভিস দিয়ে থাকে।

০৩। যে সব ইলেকট্রিক যন্ত্রপাতির বহিরাবরণ ধাতুর তৈরী, সেসব যন্ত্রপাতির বডি আর্থিং করতে হয়। কারণ এইসব যন্ত্রপাতিতে সবসময় হাতের ছোয়া লাগে। বাসায় বসবাসকারী বেশীরভাগ মানুষই খালি পায়ে থাকে, যদি কখনো ধাতব বহিরাবরণের কোন যন্ত্রপাতি যেমন ফ্রীজার, রেফ্রিজারেটর, বৈদ্যুতিক আয়রণ, ব্লেডার, রাইস কুকার ইত্যাদি বিদ্যুতায়িত অবস্থায় খালি পায়ে ধরা হয়, তাহলে শরীরের ভিতর দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হয়ে মৃত্যু পর্যন্ত ঘটতে পারে। এমন ঘটনা হয়ত আমরা নিজেরাও প্রত্যক্ষ করেছি বা শুনেছি। যদি সঠিক গ্রাউন্ডিং সিস্টেম থাকে এবং ধাতব যন্ত্রপাতির তার সাথে যুক্ত করা হয়, তাহলে এমন দৃষ্টনার ঝুঁকি কমে যাবে।

০৪। বজ্রপাত, শর্ট সার্কিট কিংবা ইন্সুলেশন নষ্ট হয়ে বা অন্য যে কোন কারণে ইলেকট্রিক্যাল ইকুইপমেন্টের ভোল্টেজ বেড়ে গেলে তা মাটিতে পৌঁছে দেওয়ার জন্য গ্রাউন্ডিং করা প্রয়োজন।

৫। বড় বড় ইমারতকে বজ্রপাত হতে রক্ষার করার জন্য গ্রাউন্ডিং করা প্রয়োজন।

০৬। আর্থ সার্কিটের কোন ত্রুটিযুক্ত কারেন্টকে সহজে মাটি দিয়ে প্রবাহিত করে ; যার ফলে ফিউজ, সার্কিট ব্রেকার প্রভৃতি অপারেট হয়ে ত্রুটিযুক্ত সার্কিটকে সহজে উৎস হতে আলাদা করে।

০৭। লাইন ভোল্টেজ স্থির রাখার জন্য গ্রাউন্ডিং করা হয়। অর্থাৎ ত্রুটিকালীন অবস্থায় বৈদ্যুতিক সাজ-সরঞ্জামে কোন বিপদজনক ভোল্টেজ সৃষ্টি হতে দেয় না।

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে, কিছু কিছু বাড়ী বা স্থাপনায় গ্রাউন্ডিং রড স্থাপন নেই অথবা স্থাপন করা গ্রাউন্ডিং রডের কানেকশান খুলে গিয়েছে, যার কারণে যে কোন সময় প্রানহানীসহ বাসা-বাড়ীর বৈদ্যুতিক যন্ত্রপাতি নষ্ট হতে পারে বিধায় সঠিক মানের গ্রাউন্ডিং রড স্থাপন নিশ্চিত করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো যাচ্ছে।

মুঙ্গীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি